গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং: ১০.০০.০০০০.১২৭.২৭.০০৫.২৩.১০২০ | তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, জয়পুরহাটের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব এফ.এম. মেজবাউল হক এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (ক), ২(চ) ও ২(ঠ) অনুযায়ী অদক্ষতা,অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ০৩/২০২৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব এফ.এম. মেজবাউল হক এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০২৪ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় সরকার তাঁকে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করে; এবং

যেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, বাংলাদশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জয়পুরহাটের সাবেক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বর্তমানে আইন ও বিচার বিভাগের সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব এফ.এম.মেজবাউল হক-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০২৪ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(লিয়াকত আলী মোল্লা) ১০/১২/২৫
সচিব

নং: ১০.০০.০০০০.১২৭.২৭.০০৫.২৩.১০২০ (৮) | তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ / ১০ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২। জেলা ও দায়রা জজ, জয়পুরহাট
৩। জনাব এফ.এম. মেজবাউল হক, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ), আইন ও বিচার বিভাগ
৪। মাননীয় উপদেস্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ
৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)
৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১০.১২.২৫
(মোঃ একরামুল কবির)
উপ ~~সিনিয়র সহকারী~~ সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১